

আজকে তবে মিলে সবে করব লুটের ভাগ,
 এ সব আনতে কত লণ্ডভণ্ড করনু যজ্ঞ-যাগ ।
 কাজের বেলায় উনি কোথা যে ভাগেন,
 ভাগের বেলায় আসেন আগে (আরে দাদা) ।
 এত বড়ো আস্পর্ধা তোদের, মোরে নিয়ে এ কী হাসি-তামাশা ।
 এখনি মুণ্ড করিব খণ্ড খবরদার রে খবরদার ।
 হাঃ হাঃ, ভায়া খাপ্লা বড়ো এ কী ব্যাপার !
 আজি বুঝিবা বিশ্ব করবে নস্য, এম্নি যে আকার ।
 এমনি যোদ্ধা উনি, পিঠেতেই দাগ,
 তলোয়ারে মরিচা, মুখেতেই রাগ ।
 আর যে এ-সব সহে না প্রাণে,
 নাই কি তোদের প্রাণের মায়া ?
 দারুণ রাগে কাঁপিছে অঙ্গ ।
 কোথা রে লাঠি কোথা রে ঢাল ?
 হাঃ হাঃ, ভায়া খাপ্লা বড়ো এ কী ব্যাপার ।
 আজি বুঝিবা বিশ্ব করবে নস্য, এম্নি যে আকার ।

Parjaay: Balmiki-Pratibha, Taal: Khemta-Teyora, Raag: Bahaar
 Visit www.geetabitan.com for notation and other detail